দৈনিক ইত্তেফাক

তারিখ 26 MAY 2016
পৃষ্ঠা ১৬ কলাম ২

প্রক্সি পরীক্ষা দেওয়া ও সহযোগিতার দায়ে

# আটোয়ারীতে ছাত্র-শিক্ষকের এক বছর করে জেল

■ আটোয়ারী (পঞ্চগড়) সংবাদদাতা

পঞ্চগড়ের আটোয়ারীতে চলমান উচ্চ মাধ্যমিক ও সমমানের পরীক্ষায় প্রক্সি দিতে এসে এক মাদ্রাসার ছাত্র ও তাকে সহযোগিতা করার দায়ে এক শিক্ষক হাতেনাতে আটক হওয়ার খবর পাওয়া গেছে। গত মঙ্গলবার বিকালে চলমান আলীম পরীক্ষার পৌরনীতি বিষয়ের পরীক্ষা ছিল। কিন্তু মির্জা মাওলানা আলিম উদ্দীন আলিম মাদ্রাসার পরীক্ষার্থী মোঃ আল-মামুনের (রোল নং ১৩৫১৯৫) পরিবর্তে আটোয়ারী নেছারিয়া ছালেহিয়া দাখিল মাদ্রাসার দশম শ্রেণির ছাত্র মোঃ তৌহিদুল ইসলাম উপজেলার মির্জা গোলাম হাফিজ ডিগ্রি কলেজ কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে তাকে হাতেনাতে আটক করা হয়। পরে তার স্বীকারোক্তি অনুযায়ী মির্জা মাওলানা আলিম উদ্দীন আলিম মাদ্রাসার শিক্ষক মোঃ জাফর আলীকে পুলিশ আটক করে ভ্রাম্যমাণ আদালতে হাজির করলে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আবু রাফা মোহাম্মদ আরিফ উভয়কে পৃথকভাবে ১ বছর করে বিনাশ্রম কারাদণ্ডাদেশ দেয় এবং সংশ্লিষ্ট পরীক্ষার্থী আল মামুনের পরীক্ষার খাতা বাতিল করেন।

অভিযুক্ত শিক্ষক মোঃ জাফর আলী জানায়, আল-মামুন অসুস্থ থাকায় মাদ্রাসার অধ্যক্ষ মোঃ আঃ মান্নানের নির্দেশে তিনি তৌহিদুল ইসলামকে নিয়ে এসে পরীক্ষায় অংশগ্রহণ করাচ্ছিলেন।